

## দূতাবাসে জন্মনিবন্ধন আবেদন এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনের নিয়মাবলী

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদে স্পেনে জন্মগ্রহণকৃত শিশুদের জন্মনিবন্ধন করা যাবে। এক্ষেত্রে প্রথমেই বাবা, মায়ের অনলাইন জন্মনিবন্ধন প্রয়োজন হয়, তাই বাবা মায়ের জন্মনিবন্ধন না করা থাকলে বাংলাদেশ থেকে করে আনতে হবে।

১। নতুন জন্ম নিবন্ধন করতে হলে অনলাইনে <http://bdris.gov.bd/br/application> সাইটে আবেদন করতে হবে। এতে জন্মস্থান এবং বর্তমান ঠিকানা স্পেনের দিতে হবে, স্থায়ী ঠিকানা হবে বাংলাদেশের। জন্ম নিবন্ধন দূতাবাস থেকে নিতে হলে সংশ্লিষ্ট ঘরে টিক চিহ্ন দিয়ে আবেদন করতে হবে। অনলাইনে জন্মনিবন্ধন আবেদনের সময় শিশুর স্পেনের জন্ম সনদ, বাবা মায়ের পাসপোর্ট/জন্ম সনদ কপি আপলোড করতে হবে (ফাইল গুলো ছোট হতে হবে)। *অনলাইনে আবেদনের সময় অতি অবশ্যই বাংলাদেশের একটি মোবাইল নাম্বার ও ই মেইল এড্রেস দিয়ে দিতে হবে।*

অনলাইনে আবেদন করার পর

ক) উক্ত আবেদনের প্রিন্ট কপি ( আবেদনের নিচে স্পেনের মোবাইল নম্বর কলম দিয়ে লিখে দিতে হবে)

খ) বাবা-মায়ের পাসপোর্টের কপি,

গ) বাবা-মায়ের জন্মনিবন্ধনের কপি,

ঘ) আবেদনকারী শিশুর ছবি,

ঙ) শিশুর স্পেনিশ জন্ম সনদ, লিব্রেদো ফ্যামিলিয়া ইত্যাদির ফটোকপি ইত্যাদি

দূতাবাসে সরাসরি জমা দিতে হবে অথবা দূতাবাসের কনসুলার ইমেইল [bdembm01@gmail.com](mailto:bdembm01@gmail.com) এ এসব কাগজপত্র স্ক্যান করে পাঠাতে হবে। ই-মেইলের সাবজেক্টে Birth certificate application of (child name) লিখতে

হবে। দূতাবাস যাবতীয় তথ্য যাচাই করে সনদ ইস্যু করবে। পরবর্তীতে অভিভাবক সরাসরি বা প্রতিনিধির মাধ্যমে ১ ইউরো ফি জমা দিয়ে দূতাবাস থেকে সনদ সংগ্রহ করতে পারবেন।

২। অনলাইনে জন্ম নিবন্ধন আবেদনের সময় কোন ক্রমেই নামের বাংলা বা ইংরেজি বানান, Nombre y apellidos, বাবা/মায়ের নাম, জন্মস্থান এবং বর্তমান ঠিকানা (দুটোই স্পেনের ঠিকানা হবে), স্থায়ী ঠিকানা (বাংলাদেশের) ইত্যাদি ভুল করা যাবে না। আবেদনে অবশ্যই আবেদনকারীর ইমেইল এড্রেস এবং বাংলাদেশের একটি মোবাইল নাম্বার ব্যবহার করতে হবে। জন্ম নিবন্ধন হয়ে গেলে সংশোধন অত্যন্ত জটিল কাজ।

৩। সনদ একবার ইস্যু হয়ে গেলে তা সংশোধনের জন্য

<http://bdris.gov.bd/br/correction> সাইটে আবেদন করতে হবে। জন্ম নিবন্ধন বাংলাদেশে করে থাকলে দূতাবাস থেকে সংশোধন করা যাবে না। যেখান থেকে জন্মসনদ ইস্যু হয়েছিল (দূতাবাস থেকে করে থাকলে দূতাবাস অথবা বাংলাদেশের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ, পৌরসভা বা সিটি কর্পোরেশন ) সেই অফিস সিলেক্ট করে সংশোধনের আবেদন করতে হবে এবং সেখান থেকেই সংশোধিত সনদ সংগ্রহ করতে হবে। সংশোধন আবেদন দাখিলের সময় উপযুক্ত প্রমাণাদি পিডিএফ ফাইলে আপলোড করে সংযুক্ত করতে হবে (স্পেনিশ জন্ম সনদ দূতাবাস থেকে সত্যায়িত করে নিতে হবে এবং ফাইলের সাইজ ছোট রেখে আপলোড করতে হবে)। সংশোধন আবেদন দাখিলের পর ইমেইলে এপ্লিকেশন আইডি আসবে। উক্ত আইডি সহ দাখিলকৃত আবেদন নিয়ে সংশ্লিষ্ট অফিসে যেয়ে আবেদনটি প্রথমেই রিসিভ করাতে হবে (এসময় জন্ম নিবন্ধনের সময় দেয়া বাংলাদেশের মোবাইলে ওটিপি কোড যাবে)। আবেদন রিসিভ হওয়ার পর ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার ইউএনও, পৌরসভা বা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার ডিডিএলজির এপ্রভাল নিয়ে সংশোধিত জন্মসনদ দেয়া হবে। শুধুমাত্র

স্পেনের ওয়েজ আর্নাস সদস্যগণ fslwmadrid@gmail.com এ ইমেইল প্রেরণ করে এক্ষেত্রে দূতবাসের সহযোগিতা চাইতে পারেন।

৪। বার্সেলোনার আবেদনকারীগণ উপরোক্ত নিয়মে অনলাইনে জন্মনিবন্ধনের আবেদন করতে পারবেন। বার্সেলোনার কনসুলার সার্ভিসের নোটিশ দেয়া হলে ৯১৪০১৯৯৩২/914023085 নম্বর, দূতবাসের ইমেইল বা হোয়াটস এপে জন্মনিবন্ধন সনদ বার্সেলোনা নিয়ে আসার জন্য অনুরোধ করতে হবে এবং বার্সেলোনায় কনসুলার সার্ভিস চলাকালীন যাবতীয় মূল কাগজপত্র ও ১ ইউরো ফি জমা দিয়ে মূল জন্ম সনদ সংগ্রহ করতে হবে।

৫। শিশুর জন্ম নিবন্ধনের পর পাসপোর্টের অনলাইন আবেদন করতে চাইলে দূতবাসের ই-মেইল bdembm01@gmail.com এ শিশুর জন্ম নিবন্ধন নাম্বার জানতে চেয়ে আবেদন করতে হবে। এক্ষেত্রে ই-মেইলের সাবজেক্ট Request for Birth registration number of (child name) লিখে আবেদন করতে হবে। জন্ম নিবন্ধন নম্বরটি দেয়া হলে <http://verify.bdris.gov.bd/> থেকে জন্ম নিবন্ধনের ভেরিফাইড কপি প্রিন্ট করা যাবে এবং পাসপোর্টের আবেদনের সাথে এটি দাখিল করতে হবে। এছাড়া যে কেউ এই সাইটে যেয়ে নিজের জন্ম নিবন্ধন সঠিক আছে কিনা বিশেষতঃ বাংলা/ইংরেজি নামের বানান, ঠিকানা ইত্যাদি যাচাই করে দেখতে পারেন।